**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 10-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ওবিসি সংরক্ষণ নিয়ে রাজ্যে চলা জটিলতার অবসানের লক্ষ্যে বিধানসভায় আজ অন্তর্বর্তী তালিকা সংক্রান্ত রিপোর্ট পেশ করা হয়েছে।

# UGC-র গাইডলাইন মেনে শীঘ্রই রাজ্যে স্নাতকস্তরে ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

২/ দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকারের আরও সতর্ক হওয়া দরকার বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিমত ব্যক্ত করেছেন।

# বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** এই প্রস্তাবের ক্ষেত্রে শাসক দলের ভূমিকার সমালোচনা করেছেন।

৩/ কেন্দ্রের বিজেপি সরকার ১১ বছরে দেশে সুশাসন এনেছে বলে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব জানিয়েছেন।

৪/ কলকাতা হাইকোর্ট, মহুয়া ঘোষ ও শ্রীপর্ণা চক্রবর্তী সহ চারজন চাকরিহারাকে উচ্চ প্রাথমিকে নিয়োগে অংশগ্রহণ করার সুযোগ দিতে বলেছেন।

৫/ রাজ্য সরকার, মেদিনীপুর মহিলা থানায় সুশ্রীতা সোরেন ও সুচরিতা দাসের ওপর পুলিশি নির্যাতনের ঘটনায় কলকাতার হাইকোর্টের সিট গঠন করে তদন্তের নির্দেশের বিরুদ্ধে, ডিভিশন বেঞ্চে আবেদন জানিয়েছে।

*****************************************************************

ওবিসি সংরক্ষণ নিয়ে রাজ্যে চলা জটিলতার অবসানের পথ খুলল। বিধানসভায় আজ অন্তর্বর্তী তালিকা সংক্রান্ত রিপোর্ট পেশ করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তিনি বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই ১৪০টি শ্রেণিকে ওবিসি হিসেবে চিহ্নিত করা হয়েছে। আগে রাজ্যে ১৭ শতাংশ সংরক্ষণ ছিল।
কিন্তু হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশে ১১৩টি শ্রেণি তালিকা থেকে বাদ পড়ে। সেই অসুবিধা দূর করতেই রাজ্য সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। আদালতের নির্দেশে তিন মাসের সময়সীমার মধ্যে অন্তর্বর্তী তালিকা তৈরি করে সরকার। কমিশনের সুপারিশ অনুযায়ী যে ১৪০টি শ্রেণিকে অন্তর্ভুক্ত করা হয়েছে— যার মধ্যে ওবিসি ‘এ’ শ্রেণিতে রয়েছে ৪৯টি এবং ওবিসি ‘বি’ শ্রেণিতে ৯১টি। আরও ৫০টি শ্রেণিকে নিয়ে সমীক্ষা চলছে। কমিশন রিপোর্ট জমা দিলেই সরকার ব্যবস্থা নেবে বলে তিনি জানান।।

*******************

ইউজিসির গাইডলাইন মেনে শীঘ্রই রাজ্যে স্নাতকস্তরে ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আজ বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিজেপি বিধায়ক বিশ্বনাথ কারক, এখনও কেন কলেজে ভর্তি প্রক্রিয়া শুরু হয়নি, তা নিয়ে প্রশ্ন তোলেন। ভর্তি প্রক্রিয়ার বিলম্বের অভিযোগ খারিজ করে দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, গতবছর অনলাইন পোর্টাল চালু হয়েছিল ১৯ শে জুন। এবার শিক্ষাবর্ষ এখনও শুরু না হওয়ায় পোর্টাল চালু হয়নি। তবে যাবতীয় প্রস্তুতি শেষ পর্যায়ে এবং ইউজিসি নিয়ম অনুযায়ী সময় মতই অনলাইনে আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া শুরু হবে।

বিজেপি বিধায়ক বিশ্বনাথ কারকের অন্য একটি প্রশ্নের উত্তরে আজ ব্রাত্য বসু জানান, ২০২৩-২৪ অর্থ বছরে মোট ৪৬৫৬ জন পড়ুয়াকে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণ দেওয়া হয়েছে। চলতি অর্থবছরের (২০২৪-২৫) ৩০ জুন পর্যন্ত দেশের বিভিন্ন প্রান্তে পড়াশোনা করার জন্য ৫৯৪ জন এবং বিদেশে পড়াশোনার জন্য ৪০ জন এই ঋণ পেয়েছেন।

*******************

দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকারের আরও সতর্ক হওয়া দরকার বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিমত ব্যক্ত করেছেন। এজন্য সশস্ত্র বাহিনীর পাশাপাশি এজেন্সিগুলিকে আরও সক্রিয় করে তোলার পরামর্শ দেন তিনি।

জম্মু কাশ্মীরের পহেলগাঁওয়ে সন্ত্রাসবাদী হামলার পর 'অপারেশন সিন্দুর'-এ ভারতীয় সেনা বাহিনীর ভূমিকার প্রশংসা করে আনা প্রস্তাবের উপরে এক আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ২৬ জন মানুষের প্রাণ গেলেও হামলায় জড়িতদের এখনও ধরা গেলনা।

এর আগে আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী প্রস্তাবের পক্ষে ভারতীয় সেনাকে ধন্যবাদ জানান। সেই সঙ্গে ওই প্রস্তাবে 'অপারেশন সিন্দুর' ও 'টার্গেট কিলিং' কথা দুটি যুক্ত করার দাবি জানান তিনি। এক্ষেত্রে শাসক দলের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে বিরোধী দলনেতা অভিযোগ করেন, বিভিন্ন সময়ে সরকারপক্ষের সদস্যরা 'অপারেশন সিন্দুর' নিয়ে বিরুপ মন্তব্য করেছেন।

অধক্ষ্য বিমান বন্দ্যোপাধ্যায় তখন এই মন্তব্য 'কার্যবিবরণী থেকে বাদ যাবে' জানালে, আপত্তি জানান বিজেপি বিধায়কেরা।

ওই আলোচনায় ব্রাত্য বসু, অগ্নিমিত্রা পাল, জুয়েল মুর্মু, বীরবাহা হাঁসদার মত শাসক ও বিরোধী মিলিয়ে ১৬ জন অংশ নেন। পরে সর্বসম্মতভাবে প্রস্তাবটি গৃহীত হয়।

*********************

কেন্দ্রের বিজেপি সরকার ১১ বছরে দেশে সুশাসন এনেছে বলে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব জানিয়েছেন। কেন্দ্রে মোদি সরকারের ১১বছর পূর্তি উপলক্ষে কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দেশ ক্রমশঃ আত্মনির্ভরতার দিকে এগিয়ে চলেছে। দুর্নীতি দূর হয়েছে, মানুষ দারিদ্রমুক্ত হয়েছেন। তিনি আরো বলেন, সন্ত্রাসবাদীরা আগে এদেশে এসে নাশকতামূলক ততপরতা চালাতো। কিন্তু বর্তমানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে 'অপারেশন সিন্দুর'-এর মাধ্যমে ভারত গোটা বিশ্বকে দেখিয়ে দিয়েছে, শত্রুর এলাকায় গিয়ে কিভাবে তাকে বিনষ্ট করা সম্ভব। কেন্দ্রের বিভিন্ন জনকল্যাণমূলক পদক্ষেপের উল্লেখ করে মন্ত্রী বলেন, কেন্দ্র এমন দেশ গড়ে তুলতে চায়, যেখানে উন্নয়ন, মহিলাদের বেশি মাত্রায় অংশগ্রহণ এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে 'জিরো

টলারেন্স’ নীতি মেনে চলা হবে। তা’ পূরণে রাজ্য সরকারগুলির’ও সক্রিয় ও গঠনমূলক মনোভাব প্রয়োজন।

কিন্তু, **পশ্চিমবঙ্গে মমতা** ব্যানার্জির সরকার তোষণ, দুর্নীতি, ও বিভিন্ন হিংসাত্মক কার্যকলাপে জড়িত। মালদা, মুর্শিদাবাদ, সন্দেশখালির ঘটনায় রাজ্যের প্রশাসনিক ব্যর্থতাই প্রকাশ পেয়েছে। মহিলাদের উপর অত্যাচার, SSC দুর্নীতি, ২৬ হাজার চাকরি বাতিল ও সবচেয়ে বেশি বেকারত্বের জন্য এরাজ্যের সরকারই সম্পূর্ণ দায়ী বলে তিনি অভিযোগ করেন।

( বাইট- ভূপেন্দ্র/ TMC )

সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার’ও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় মন্ত্রী এর আগে মোদি সরকারের **১১** বছর পূর্তি উপলক্ষে মুরলীধর সেন লেনে বিজেপির সদর কার্যালয়ে এক প্রদর্শনীর উদ্বোধন করেন।

এদিকে **বিজেপি,** রাজ্যে পরিবেশের ভারসাম্য রক্ষায় কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে। বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** আজ ভূপেন্দ্র যাদবের সঙ্গে দেখা করে এবিষয়ে আবেদন জানান।

পরে এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন, রাজ্যে নদী থেকে বেআইনিভাবে বালি তোলা এবং অপরিকল্পিতভাবে নদী খনন ও জাতীয় জলপথ নষ্ট করা হচ্ছে। এর ফলে ব্যাহত হচ্ছে পরিবেশের ভারসাম্য। কেন্দ্রীয় মন্ত্রী এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়েছেন।

********************

সেবা, সুশাসন এবং গরীব কল্যাণ— এই তিন নীতিকে ভিত্তি করে বিগত এক দশকে ভারতের পরিবর্তনের যে যাত্রা শুরু হয়েছে, তারই বিশেষ প্রতিবেদন উপস্থাপন করছে আকাশবাণী সংবাদ।

এই পর্বে থাকছে **‘প্রতিরক্ষা ক্ষেত্রে আত্মনির্ভরতা’**— যা ভারতকে বিশ্বের অন্যতম সামরিক শক্তি হিসেবে গড়ে তুলেছে। আমাদের প্রতিনিধি অভিরূপ ভট্টাচার্যের একটি প্রতিবেদন।

**(ভয়েস ক্যাস্ট_)** Avirup Bhattachriya

আন্তর্জাতিক সীমান্ত থেকে উৎপাদন কেন্দ্র, যুদ্ধক্ষেত্র থেকে মন্ত্রণা কক্ষ—ভারত এক নতুন যুগ গড়ে তুলছে যেখানে নিরাপত্তাই শক্তি, এবং আত্মনির্ভরতাই আমাদের বর্ম।

********************

কলকাতা হাইকোর্ট, মহুয়া ঘোষ ও শ্রীপর্ণা চক্রবর্তী সহ চারজন চাকরিহারাকে উচ্চ প্রাথমিকে নিয়োগে অংশগ্রহণ করার সুযোগ দিতে বলেছেন।
বিচারপতি সৌগত ভট্টাচার্য, স্কুল সার্ভিস কমিশন- SSC কে এই নির্দেশ দেন।
আগামীকাল উচ্চ প্রাথমিকে এই কাউন্সেলিং রয়েছে।
উল্লেখ্য, একাদশ -দ্বাদশে চাকরি পেয়ে যাওয়ায় ২০১৬ সালে উচ্চ প্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়া হয়নি এই প্রার্থীদের। কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরি হারানোর পর তারা আদালতের দ্বারস্থ হন। যেহেতু কাউন্সেলিং এখনো চলছে, তাই সেখানে তাঁদের সুযোগ দেওয়ার আর্জি জানান এই চাকরী প্রার্থীরা।

********************

রাজ্য সরকার, মেদিনীপুর মহিলা থানায় সুশ্রীতা সোরেন ও সুচরিতা দাসের ওপর পুলিশি নির্যাতনের ঘটনায় কলকাতার হাইকোর্টের সিট গঠন করে তদন্তের নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে আবেদন জানিয়েছে।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষ সিট গঠন করে তদন্তের নির্দেশ দিয়েছিলেন। তার বিরুদ্ধে দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে আজ রাজয়ের তরফে এই আবেদন জানানো হয়। বেঞ্চ আগামী ১৭'ই জুন রাজ্যকে FIR-এর কপি জমা দিতে বলেছে। ওইদিনই মামলার পরবর্তী শুনানি।

********************

'বিকশিত কৃষি সংকল্প অভিযান' কর্মসূচীতে পূর্ব বর্ধমানের বুদবুদে কৃষি বিজ্ঞান কেন্দ্র আজ এক শিবিরের আয়োজন করা হয়।
জেলার বিভিন্ন জায়গা থেকে প্রায় ৭০০ জন কৃষক এতে অংশ নেন।

কৃষিতে উন্নত প্রযুক্তি এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে কম জল ব্যবহার করে কিভাবে লাভজনক চাষ করা সম্ভব, সে সম্পর্কে গবেষক ও বিজ্ঞানীরা কৃষকদের অবগত করেন। ড্রোন ব্যবহারের সুবিধে সম্পর্কেও বোঝানো হয় তাঁদের।

শিবিরে উপস্থিত ছিলেন, ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ ও ব্যারাকপুর কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্তু গবেষণা সংস্থার নির্দেশক ড: গৌরাঙ্গ কর, বর্ধমান কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান ড: সেখ মহম্মদ আজিজুর রহমান, জেলা উন্নয়ন আধিকারিক ড: সমীরণ বন্দ্যোপাধ্যায়, ইন্ডিয়ান ভেটেনারি গবেষণা সংস্থার ড: বিনোদ কুমার প্রমুখ।

********************

এবারের স্পটলাইট-এর বিষয়- 'স্থূলতা ও তার প্রতিকার'। আলোচনায় অংশ নিয়েছেন বিশিষ্ট পুষ্টিবিদ নন্দিতা দাস। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত।

দুই পর্বের অনুষ্ঠানটির প্রথম পর্ব প্রচারিত হবে আজ রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় পর্ব শোনা যাবে বৃহস্পতিবার ১২ ই জুন রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************************************************